ওই-যে ঝড়ের মেঘের কোলে
বৃষ্টি আসে মুক্তকেশে
আঁচলখানি দোলে ॥
ওরই গানের তালে তালে
আমে জামে শিরীষ শালে
নাচন লাগে পাতায় পাতায়
আকুল কল্লোলে ॥
আমার  দুই আঁখি ওই সুরে
যায় হারিয়ে সজল ধারায়
ওই ছায়াময় দূরে ।
ভিজে হাওয়ায় থেকে থেকে
কোন্ সাথি মোর যায় যে ডেকে,
একলা দিনের বুকের ভিতর
ব্যথার তুফান তোলে ॥

---

Parjaay: Prakriti / Borsha, Taal: Kaharwa, Style: Desh-Baul
Visit www.geetabitan.com for notation and other detail